দৈনিক ইত্তেফাক

তারিখ 0.9 JUL 1997
পৃষ্ঠা ৩ কলাম ৪

47

## পিটিআই শিক্ষক সমিতির বক্তব্য

পিটিআই সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা নিজেদের পিটিআই এর ইন্সট্রাক্টর হিসাবে প্রচার ও পিটিআই ইন্সট্রাক্টরদের সমমর্যাদা দাবীর প্রতিবাদ জানাইয়াছে পিটিআই শিক্ষক সমিতি।

গত শুক্রবার জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ বলেন, এসব প্রচার উদেশ্য প্রণোদিত এবং ইন্সট্রাক্টর পদকে হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে ইহা করা হইতেছে।

লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সাধারণ সম্পাদক তপন কুমার দাশ। বক্তব্য রাখেন, আবদুল বারী, ফরহাদ হোসেন ও [illegible] আবদুল ফেরদৌস।